

প্রাথমিক সমাপনী পরীক্ষা রোববার শুরু

বিস্তারিত জানাতে আজ সংবাদ সম্মেলন

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২২ নভেম্বর শুরু হচ্ছে। এতে ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ শিক্ষার্থী অংশ নেবে। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে (পঞ্চম শ্রেণী) পরীক্ষার্থীর সংখ্যা ২৯ লাখ ৪৯ হাজার ৬৩ জন এবং ইবতেদায়ীতে পরীক্ষার্থীর সংখ্যা ৩ লাখ ৫ হাজার ৪৫১ জন। পরীক্ষা সামনে রেখে আজ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। এতে পরীক্ষার বিস্তারিত তথ্য তুলে ধরবেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিছরি।

প্রশ্ন ফাঁস ঠেকাতে এ বছর প্রাথমিক সমাপনী পরীক্ষা আট সেট প্রশ্নে নেয়া হবে। পরীক্ষার সুবিধার্থে ৬৪ জেলাকে ৮টি অঞ্চলে ভাগ করা হয়েছে। সেই হিসাবে প্রতি ৮ জেলা একই সেটের প্রশ্ন পাবে। তবে একটি বিষয়ে যে ৮ জেলা প্রশ্ন পাবে, অপর কোনো বিষয়ের একই সেটের প্রশ্ন এ ৮ জেলা পাবে না। বিষয়টি নিশ্চিত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জ্ঞানেন্দ্র নাথ বিশ্বাস জানান, ৮ অঞ্চলের জন্য নির্ধারিত প্রশ্নপত্র ইতিমধ্যে জেলায় জেলায় পাঠানো হয়েছে। কোনো জেলার প্রশ্ন ফাঁস হয়ে গেলে শুধু ওই জেলার শিক্ষার্থীরাই ক্ষতিগ্রস্ত হবে। কারণ পাশের জেলাটি কোনো অঞ্চলে পড়েছে তা কয়েকজন শীর্ষ কর্মকর্তা ছাড়া অন্যদের জানা নেই। তিনি আরও জানান, প্রশ্ন ফাঁস ঠেকাতে এবার ৩২ সেট প্রশ্নের মধ্য থেকে লটারির মাধ্যমে আট সেট প্রশ্ন বাছাই করে ছাপানো হয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, এবার প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনীতে ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন শিক্ষার্থী অংশ নেবে। গত বছর ফেল করা ১৩ হাজার ৬৮৮ জন পরীক্ষার্থী এবার পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে প্রাথমিকে ১২ হাজার ৪৪৩ জন এবং ইবতেদায়ীতে ১ হাজার ২৪৫ জন।

এবার প্রাথমিক সমাপনীতে ২৯ লাখ ৪৯ হাজার ৬৩ এবং ইবতেদায়ীতে ৩ লাখ ৫ হাজার ৪৫১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। প্রাথমিক সমাপনীতে ১৫ লাখ ৯২ হাজার ৫০৮ জন ছাত্র এবং ১৩ লাখ ৫৬ হাজার ৫৫৫ জন ছাত্রী অংশ নেবে। অন্যদিকে ইবতেদায়ীতে ১ লাখ ৬০ হাজার ৫৬১ জন ছাত্র এবং এক লাখ ৪৪ হাজার ৮৯০ জন ছাত্রী পরীক্ষা দেবে। গত বছর প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনীতে ৩০ লাখ ৯৫ হাজার ৩২১ জন শিক্ষার্থী অংশ নিয়েছিল। সেই হিসাবে এবার পরীক্ষার্থী বেড়েছে ১ লাখ ৫৯ হাজার ১৯৩ জন।

প্রাথমিক সমাপনীর সূচি : ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৫ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৯ নভেম্বর গণিত।

ইবতেদায়ী সমাপনী সূচি : ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ/পরিবেশ পরিচিতি বিজ্ঞান, ২৫ নভেম্বর আরবি, ২৬ নভেম্বর কোরআন ও তাজব্বিদ এবং আকাইদ ও ফিকহ এবং ২৯ নভেম্বর গণিত।